

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-১ অধিশাখা।  
WWW.lgd.gov.bd

উন্নয়নের গনতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.০১৪.০০৪.২০১৭- ১২৬৮

তারিখঃ ২৮ কার্তিক ১৪২৪  
১২ নভেম্বর ২০১৭


বিষয় : জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্ত বরিশাল জেলার বাবুগঞ্জ ও মুলাদী উপজেলায় নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের (কোড নং- CCTEP) অনুকূলে ১ম কিস্তির অর্থ অবমুক্তকরণ প্রসঙ্গে।

সূত্রঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের স্মারক নং-১৬৫৮, তারিখঃ ২৯/১০/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্ত বরিশাল জেলার বাবুগঞ্জ ও মুলাদী উপজেলায় নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পটি জানুয়ারী/২০১৭খ্রিঃ হতে ডিসেম্বর/২০১৮খ্রিঃ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য ২০০.০০ লক্ষ (রাজস্ব ৫.০০ লক্ষ + মূলধন ১৯৫.০০ লক্ষ) টাকার সংস্থান রাখা হয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তি বাবদ মোট ৫০.০০ লক্ষ (রাজস্ব ১.২৫ লক্ষ + মূলধন ৪৮.৭৫ লক্ষ) টাকা অবমুক্ত করার জন্য প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করেছেন।

এমতাবস্থায়, প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রস্তাব মোতাবেক জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতিগ্রস্ত বরিশাল জেলার বাবুগঞ্জ ও মুলাদী উপজেলায় নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের অনুকূলে ১ম কিস্তিতে ৫০.০০ লক্ষ (রাজস্ব ১.২৫ লক্ষ + মূলধন ৪৮.৭৫ লক্ষ) টাকা ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
মোঃ খাইরুল ইসলাম  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৫৫৬২

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট,  
১০১ মহাখালী, ঢাকা।

মনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

১. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।